দৈনিক ইনকিলাব

৫৮

তারিখ ... JUL

পৃষ্ঠা ৮

মাদারীপুরে মাওলানা রুহুল আমিন খান

# সরকার মাদ্রাসা শিক্ষা বন্ধ করে দেশটাকে হিন্দুস্থানে পরিণত করতে চায়

মাদারীপুর জেলা সংবাদদাতা ঃ দৈনিক ইনকিলাবের নির্বাহী সম্পাদক মাওলানা কবি রুহুল আমিন খান বলেন, আল্লাহর দুশমনরা মাদ্রাসা শিক্ষা বন্ধ করতে চায়, যাতে করে দেশে আর মুসলমান সৃষ্টি হতে না পারে। তিনি পথীরার মরহুম পীর সাহেব মাওলানা নূর মোহাম্মদ-এর ওফাত দিবস উপলক্ষে মাদারীপুর আহমদিয়া আলীয়া মাদ্রাসা প্রাঙ্গণে আয়োজিত দিনব্যাপী ওয়াজ মাহফিলে প্রধান অতিথি হিসেবে একথা বলেন। পথীরার বর্তমান পীর সাহেব মাওলানা ছগীর মাহমুদের সভাপতিত্বে মাওলানা কাফিল উদ্দীন বয়ান করেন। প্রধান অতিথির বক্তব্যে কবি রুহুল আমিন খান বলেন, সরকার মাদ্রাসা বন্ধের মাধ্যমে দেশটাকে হিন্দুস্থানে পরিণত করতে চায়। তিনি আরো বলেন, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে শিক্ষার নামে সন্ত্রাস ও ধর্ষণের সেঞ্চুরী হচ্ছে। দ্বীন ইসলাম না থাকায় দেশ আজ অধঃপতনের দিকে যাচ্ছে।